# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।
www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

## জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৬ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং- সিশিবো/পনি/জুনিয়র বৃত্তি/২০২৬/১১৬৪ তারিখ ঃ ২৭/০৮/২০২৬ খ্রি.

জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৬ এর Online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি সিলেট শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী শিক্ষা বোর্ড অনুমোদিত মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিচে উল্লেখ করা হলো।

১। Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ঃ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.sylhetboard.gov.bd) esheba panel এ ৩১/০৮/২০২৬ তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০১/০৯/২০২৬ তারিখ থেকে ১২/০৯/২০২৬ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরম (eFF) সম্পন্ন করতে হবে।

ক) প্রতিষ্ঠানসমূহকে সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে esheba panel এ EIIN ও Password দিয়ে Login করে Probable list Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষার নীতিমালার আলোকে পরীক্ষার্থী Select করতে হবে।

খ) অন্য প্রতিষ্ঠান বা অন্য বোর্ড থেকে আগত শিক্ষার্থীদের তথ্য ৬ষ্ঠ শ্রেণির ২০২৪ সেশনের বোর্ড, রোল, রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি করলে নিজ প্রতিষ্ঠানে তথ্য প্রদর্শিত হবে।

গ) উক্ত হার্ডকপি Probable list এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে।

ঘ) Temporary List Print করে ভালোভাবে যাচাই-বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

ঙ) চূড়ান্ত যাচাই-বাছাই করার পর Pay Slip Print বাটনে ক্লিক করে অবশ্যই Pay Slip print করতে হবে। নিকস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) Pay Slip এ উল্লেখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। Pay Slip প্রিন্ট করার পর নতুন করে Select/Unselect করা যাবে না।

চ) ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘন্টার মধ্যে Final Submit ও Final Candidate List Print বাটন Active হবে।

ছ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

জ) Final Submit বাটনে ক্লিক করে অবশ্যই Final Submit করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পূর্ণ হবে না।

ঝ) Final Submit সম্পূর্ণ না হলে প্রবেশপত্র দেওয়া হবে না।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখ ঃ ১৩/০৯/২০২৬ খ্রি.।

ক) পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী ৪০০.০০ (চারশত) টাকা।

খ) কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী ২০০.০০ (দুইশত) টাকা (কেন্দ্র নির্ধারন হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করতে হবে)।

গ) Online এ ফরম পূরণ ঃ ০১/০৯/২০২৬ তারিখ হতে ১২/০৯/২০২৬ তারিখ পর্যন্ত।

ঘ) Finalization তারিখ ঃ ১৩/০৯/২০২৬ খ্রি.

CamScanner

৪। পরীক্ষার মাধ্যম ঃ বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকা পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে ১০/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোনো অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৫। শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন ঃ নিয়ম অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। জুনিয়র বৃত্তি পরীক্ষার নীতিমালার আলোকে তার ফরম পূরণ করতে হবে।

৬। পরীক্ষায় অংশগ্রহণের বিষয়সমূহ ঃ নিম্নের ০৫ (পাঁচ) টি বিষয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা পরীক্ষা অনুষ্ঠিত হবে ঃ

| | |
|---|---|
| ১) বাংলা (১০১) | পূর্ণমান- ১০০ |
| ২) ইংরেজি (১০৭) | পূর্ণমান- ১০০ |
| ৩) গণিত (১০৯) | পূর্ণমান- ১০০ |
| ৪) বিজ্ঞান (১২৭) | পূর্ণমান- ৫০ |
| ৫) বাংলাদেশ ও বিশ্বপরিচয় (১৫০) | পূর্ণমান- ৫০ |

৭। জুনিয়র বৃত্তি পরীক্ষা নীতিমালা এবং বোর্ড থেকে প্রকাশিত বৃত্তি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের ভিত্তিতে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৮। জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৬ এর ফরম পূরণ স্থগিত এবং সময় হ্রাস/বৃদ্ধির ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

29.08.2026

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

29/08/26

প্রধান শিক্ষক
মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ের অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ জেলা।
৩। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট অঞ্চল,সিলেট।
৪। জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ জেলা।
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ জেলার সকল উপজেলা।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ জেলার সকল উপজেলা।
৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৮। সংরক্ষণ কপি।

CamScanner